[redacted]

[redacted]

রাব্বি বলেন, ‘কালবেলা বস্তুনিষ্ঠ ও তথ্যসমৃদ্ধ খবর প্রকাশের নির্ভীক একটি মাধ্যম। আশা করছি দৈনিক কালবেলা ভবিষ্যতে সংবাদ প্রকাশের এই ধারাবাহিকতা বজায় রাখবে। ‘

বিশেষ অতিথি মেহেরপুর পৌরসভার মেয়র মাহফুজুর রহমান রিটন বলেন,’সারাদেশ অনেক পুরাতন ও ভালো পত্রিকা থাকার পরও দৈনিক কালবেলা এক বছরেই যে সুনাম ও গ্রহণযোগ্যতা অর্জন করে শিষে উঠে এসেছে তার মূল কারণ কর্তৃপক্ষের বলিষ্ঠ ভূমিকা ও সারাদেশের সংবাদকর্মীদের বস্তুনিষ্ঠ সংবাদ প্রেরণ। পত্রিকাটি মুক্তিযুদ্ধের পক্ষে কথা বলে। আশা করছি ভবিষ্যতেও এই ধারাবাহিকতা বজায় রাখবে।’

প্রধান অতিথির বক্তব্যে মেহেরপুর জেলা পরিষদের চেয়ারম্যান অ্যাডভোকেট আব্দুস সালাম বলেন, ‘কালবেলা এক বছরের একটি নবজাতক শিশু কিন্তু এই এক বছরের প্রমাণ হয়েছে তার সূর্যসম প্রভাব। কালবেলা অনেক দূর যাবে এবং অনেক ভালো করবে। এ কারণেই কালবেলা কে আমার অনেক অভিনন্দন। কালবেলা আমাদের অনেক বড় প্রাপ্তি এবং জীবনের নতুন অধ্যায়ের সৃষ্টিকর্তা।’

আলোচনা সভার শেষে কেক কেটে অনুষ্ঠানের সমাপ্তি ঘোষণা করা হয়।

দামুড়হুদায় জাগ্রত জনতার বর্ষপূর্তি পালন

দামুড়হুদা উপজেলা সদরের মানবতার সেবাই “জাগ্রত জনতার” এক বছর পূর্তি উপলক্ষ্যে কেক কেটে জন্মদিন পালন করা হয়। গতকাল রাত সাড়ে ১০টার দিকে দামুড়হুদা মডেল থানায় অনুষ্ঠিত হয়।

জানা যায় নিজ উদ্দ্যগে সমাজের তৃণমূল পর্যায়ের মানুষের উপকার করার জন্য জাগ্রত জনতা নামে সংগঠন প্রতিষ্ঠা করেন দামুড়হুদা উপজেলার হাউলী ইউনিয়নের ছোট দুধপাথিলার মৃত মাওলানা জালাল উদ্দীন এর বড় সন্তান ফারইষ্ট ইসলামী লাইফ ইন্সুইরেন্স কোম্পানী লিমিটেড এর চুয়াডাঙ্গা জোনাল ম্যানেজার এবং ব্রাকের কৃত্রিম প্রজনন কর্মী এআইএসপি জাহাঙ্গীর আলম। অত্র সংগঠনের এক বছর পূর্তি

উপলক্ষ্যে দামুড়হুদা মডেল থানায় কেক কেটে সংগঠনের জন্মদিন পালন করা হয়।

জাগ্রত জনতার প্রধান জাহাঙ্গীর আলম এর সভাপতিত্বে প্রধান অতিথি হিসেবে উপস্থিত ছিলেন দামুড়হুদা মডেল থানার অফিসার ইনচার্জ ওসি ফেরদৌস ওয়াহিদ, বিশেষ অতিথি হিসেবে উপস্থিত ছিলেন, দামুড়হুদা সদর ইউনিয়ন পরিষদের চেয়ারম্যান হযরত আলী। এসময় আরও উপস্থিত ছিলেন দামুড়হুদা প্রেসক্লাবের সিঃ সহ সভাপতি মোজাম্মেল শিশির, এসআই আসাদুজ্জামান, দৈনিক মাথাভাঙ্গার দামুড়হুদা প্রতিনিধি মিরাজুল ইসলাম মিরাজ, দৈনিক পশ্চিমাঞ্চল প্রত্রিকার দামুড়হুদা প্রতিনিধি আরিফুল ইসলাম মিলন, দৈনিক মেহেরপুর প্রতিদিন প্রত্রিকার দামুড়হুদা প্রতিনিধি রকিবুল হাসান তোতা, সাগর আহাম্মেদ ও আলামিন হোসেন।

এসময় প্রধান অতিথি বলেন, সমাজের অনেক উচ্চবিত্ত মানুষ আছে কিন্তু মানবতার সেবায় সবাই কাজ করতে পারেনা। তৃণমূল মানুষের পাশে থেকে কাজ করার জন্য তাকে ধন্যবাদ দেন।